



# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১১৮৫

তারিখঃ ২১/১২/২০১৩ ইং


## প্রেস বিজ্ঞপ্তি

গতরাতে স্পেনের মাদ্রিদে অবস্থিত IOSCO এর প্রধান কার্যালয় থেকে আনুষ্ঠানিকভাবে জানানো হয়েছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -কে “B” ক্যাটাগরী থেকে “A” ক্যাটাগরীতে উন্নীত করা হয়েছে। সাম্প্রতিককালে সরকারের সক্রিয় সহযোগিতায় বিএসইসি যে সমস্ত সংস্কার কার্যক্রম সমাপ্ত করেছে তারই স্বীকৃতিস্বরূপ আজকের এই অর্জন।

IOSCO এর MMoU তে স্বাক্ষর বাংলাদেশকে এবং তার পুঁজিবাজারকে অন্য এক উচ্চতায় নিয়ে যাবে। বাংলাদেশ তথা বিএসইসি এর মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে সম্মান ছাড়াও নিম্নলিখিত সুবিধা লাভ করবে :

- ক) বিএসইসি আন্তর্জাতিকভাবে এনফোর্সমেন্ট এর জন্য বৃহত্তর সহযোগীতা পাবে এবং প্রদান করতে পারবে;
- খ) বিএসইসি IOSCO এর বিভিন্ন নেতৃস্থানীয় পদে নিয়োগ/ নির্বাচনের যোগ্যতা অর্জন করবে;
- গ) বিএসইসি IOSCO এর নীতিনির্ধারনী কমিটিতে অন্তর্ভুক্তির যোগ্যতা অর্জন করবে; এবং
- ঘ) স্টক এক্সচেঞ্জ ডিমিউচ্যুয়লাইজেশন বাস্তবায়নসহ বর্তমানে IOSCO এর “A” ক্যাটাগরীতে উন্নীত হওয়া বাংলাদেশের পুঁজিবাজারের গুণগত উৎকর্ষতা বহুগুণে বৃদ্ধি করেছে। যার ফলে বাংলাদেশের পুঁজিবাজার আন্তর্জাতিক পরিমন্ডলে দৃষ্টি আকর্ষণ করতে সমর্থ হবে।

উল্লেখ্য, বিএসইসি বিভিন্ন দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সমূহের সমন্বয়ে গঠিত শীর্ষস্থানীয় আন্তর্জাতিক প্রতিষ্ঠান IOSCO এর সাধারণ সদস্য হিসাবে ১৯৯৫ সালে যোগদান করে। IOSCO তার সদস্য বিভিন্ন দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সমূহের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা, তথ্য আদান প্রদানসহ পারস্পারিক সহযোগীতা বজায় রাখার ক্ষেত্রে ভূমিকা পালন করে থাকে।

  
২১/১২/২০১৩  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র